আলোকিত বাংলাদেশ

ঢাবির সঙ্গে শিক্ষা, গবেষণা ও সাংস্কৃতিক সহযোগিতা সম্প্রসারণে আগ্রহী অস্ট্রেলিয়া

আলোকিত ডেস্ক : বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ার হাই কমিশনার সুযান রাইল (ঝঁংধহ জুষব) গতকা৹ ,৭৭-র ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালামের সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় সংস্কৃতিবিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট নিতাই রায় চৌধুরী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. মো. হুমায়ুন কবির উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অস্ট্রেলিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা, গবেষণা, সংস্কৃতি এবং প্রযুক্তি খাতে সহযোগিতা বৃদ্ধির সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। বিশেষ করে প্রকৌশল, কম্পিউটার বিজ্ঞান, তথ্যপ্রযুক্তি, ইলেক্ট্রনিক্স, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং, রোবোটিক্স এবং অন্যান্য আধুনিক জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে যৌথ গবেষণা ও একাডেমিক বিনিময় কর্মসূচি সম্প্রসারণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সূত্র : সংবাদ বিজ্ঞপ্তি

The Country Today

DU champions in Inter-university Judo (Female student) Competition

DU Correspondent

Dhaka University emerged as the champion and Jagannath University as the runners-up in the inter-university judo (student-female) competition. The day-long competition was held at the central playground of Dhaka University on Wednesday with the slogan "Friendship in the University Playground".

In the judo competition, Dhaka University won 04 gold, 04 silver and 03 bronze medals in the student group. Jagannath University won 01 gold, 01 silver and 3 bronze medals. In the female group, Dhaka University won 02 gold, 04 silver and 02 bronze medals. Jagannath University won 01 gold, 01 silver and 01 bronze medal.

After the competition, Dhaka University Pro-Vice Chancellor (Administration) Professor Dr. Mohammad Almojaddidi Alfesani was present as the chief guest and distributed prizes among the winners. The prize distribution ceremony was presided over by Dhaka University Judo Committee President Professor Dr. Upma Kabir.

Earlier in the morning, Physical Education Center Advisor Professor Dr. SM Mostafa Al Mamun inaugurated the competition. At that time, Dhaka University Judo Team Manager Professor Dr. Mohammad Kamruzzaman, Physical Education Center Acting Director SM Zakaria and Judo and Karate In-charge Nayna Chowdhury, along with teachers and students, were present.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

The Country Today

Inter-university carrom competition

DU champion in female category

DU Correspondent

Dhaka University has emerged as the champion in the girls' singles and doubles categories of the inter-university carrom competition on Wednesday.

The competition was recently held under the management of the National University. Dhaka University secured third place in the boys' doubles category of the competition. At the end of the competition, National University Pro-Vice Chancellor Professor Md. Lutfar Rahman was present as the chief guest and distributed prizes among the winners. It is mentioned that 18 public universities in the country participated in this competition.

Scanned with CamScanner

আমার দেশ

টিএইচএ ইমপ্যাক্ট র‍্যাঙ্কিংয়ে ঢাবির ছয়শ ধাপ অগ্রগতি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

যুক্তরাজ্যভিত্তিক উচ্চশিক্ষাবিষয়ক সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (টিএইচএ) প্রকাশিত ইমপ্যাক্ট র‍্যাঙ্কিং ২০২৬-এ উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। গতকাল বুধবার প্রকাশিত এ র‍্যাঙ্কিংয়ে আগের বছরের তুলনায় প্রায় ছয়শ ধাপ এগিয়েছে দেশের অন্যতম শীর্ষ এ শিক্ষা প্রতিষ্ঠান।

র‍্যাঙ্কিং অনুযায়ী, গত বছর যেখানে ঢাকা বিশ্ববিদ্যালয় ১০০১-১৫০০ ব্যান্ডে অবস্থান করেছিল, সেখানে চলতি বছর তার অগ্রগতি হয়ে ৪০১-৬০০ ব্যান্ডে স্থান করে নিয়েছে।

জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজিস) অর্জনে বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষা, গবেষণা, উদ্ভাবন, নীতিমালা ও সামাজিক সম্পৃক্ততার ভিত্তিতে এই র‍্যাঙ্কিং মূল্যায়ন করা হয়। চলতি বছরে বিশ্বের ১১৬টি দেশ ও অঞ্চলের মোট ১ হাজার ৬৪৬টি বিশ্ববিদ্যালয় এ তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে।

বিভিন্ন টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায়ও উল্লেখযোগ্য অবস্থান অর্জন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। এর মধ্যে 'দারিদ্র্য বিমোচন' (এসডিজি-১)-এ ৩০১-৪০০, 'সুস্বাস্থ্য ও কল্যাণ' (এসডিজি-৩)-এ ৪০১-৬০০, 'মানসম্মত শিক্ষা' (এসডিজি-৪)-এ ৩০১-৪০০, 'লিঙ্গ সমতা' (এসডিজি-৫)-তে ৬০১-৮০০ এবং 'উপযুক্ত কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি' (এসডিজি-৮)-এ ২০১-৩০০ ব্যান্ডে অবস্থান করেছে।

এছাড়া 'অসমতা হ্রাস' (এসডিজি-১০)-এ ৪০১-৬০০, 'টেকসই নগর ও সম্প্রদায়' (এসডিজি-১১)-এ ১০১-২০০, 'শান্তি, ন্যায়বিচার ও শক্তিশালী প্রতিষ্ঠান' (এসডিজি-১৬)-এ বিশ্বে ২৪তম এবং 'লক্ষ্য অর্জনে অংশীদারত্ব' (এসডিজি-১৭)-এ ১০১-২০০ ব্যান্ডে স্থান পেয়েছে বিশ্ববিদ্যালয়টি।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম বলেন, এই অগ্রগতি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের সম্মিলিত প্রচেষ্টার ফল। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে শিক্ষা, গবেষণা ও সামাজিক দায়বদ্ধতার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের ধারাবাহিক কার্যক্রম আন্তর্জাতিকভাবে স্বীকৃতি পেয়েছে।

Scanned with CamScanner

দৈনিক বার্তা

ইমপ্যাক্ট র‍্যাংকিংয়ে ৬০০ ধাপ এগিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়

বণিক বার্তা প্রতিনিধি ■ ঢাবি

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে অবদানের স্বীকৃতি হিসেবে প্রকাশিত টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) ইমপ্যাক্ট র‍্যাংকিং ২০২৬-এ বড় ধরনের অগ্রগতি অর্জন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। সর্বশেষ র‍্যাংকিংয়ে বিশ্ববিদ্যালয়টি গত বছরের তুলনায় প্রায় ৬০০ ধাপ এগিয়ে ৪০১-৬০০ ব্যান্ডে স্থান করে নিয়েছে। ২০২৫ সালে প্রতিষ্ঠানটির অবস্থান ছিল ১০০১-১৫০০ ব্যান্ডে। গতকাল প্রকাশিত এ র‍্যাংকিংয়ে বিশ্বের ১১৬টি দেশ ও অঞ্চলের ১ হাজার ৬৪৬টি বিশ্ববিদ্যালয়কে মূল্যায়নের আওতায় আনা হয়েছে। শিক্ষা, গবেষণা, উদ্ভাবন, প্রাতিষ্ঠানিক নীতিমালা ও সামাজিক সম্পৃক্ততার মাধ্যমে জাতিসংঘ ঘোষিত এসডিজি অর্জনে বিশ্ববিদ্যালয়গুলোর অবদান পর্যালোচনা করে এ র‍্যাংকিং প্রকাশ করে যুক্তরাজ্যভিত্তিক উচ্চ শিক্ষাবিষয়ক সংস্থা টাইমস হায়ার এডুকেশন। এবারের মূল্যায়নে বিভিন্ন এসডিজি সূচকে উল্লেখযোগ্য অবস্থান অর্জন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। 'নো পভার্টি' (এসডিজি-১) ও 'কোয়ালিটি এডুকেশন' (এসডিজি-৪) সূচকে বিশ্ববিদ্যালয়টির অবস্থান ৩০১-৪০০ ব্যান্ডে। 'গুড হেলথ অ্যান্ড ওয়েলবিয়িং' (এসডিজি-৩) ও 'রিডিউসড ইনইকুয়ালিটিজ' (এসডিজি-১০) সূচকে রয়েছে ৪০১-৬০০ ব্যান্ডে। এছাড়া 'ডিসেন্ট ওয়ার্ক অ্যান্ড ইকোনমিক গ্রোথ' (এসডিজি-৮) সূচকে ২০১-৩০০, 'সাসটেইনেবল সিটিজ অ্যান্ড কমিউনিটিজ' (এসডিজি-১১) ও 'পার্টনারশিপস ফর দ্য গোলস' (এসডিজি-১৭) সূচকে ১০১-২০০ ব্যান্ডে স্থান পেয়েছে প্রতিষ্ঠানটি।

The Financial Express

ইমপ্যাক্ট র‍্যাংকিংয়ে ৬০০ ধাপ এগিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়

বণিক বার্তা প্রতিনিধি ■ ঢাবি

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে অবদানের স্বীকৃতি হিসেবে প্রকাশিত টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) ইমপ্যাক্ট র‍্যাংকিং ২০২৬-এ বড় ধরনের অগ্রগতি অর্জন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। সর্বশেষ র‍্যাংকিংয়ে বিশ্ববিদ্যালয়টি গত বছরের তুলনায় প্রায় ৬০০ ধাপ এগিয়ে ৪০১-৬০০ ব্যান্ডে স্থান করে নিয়েছে। ২০২৫ সালে প্রতিষ্ঠানটির অবস্থান ছিল ১০০১-১৫০০ ব্যান্ডে।

গতকাল প্রকাশিত এ র‍্যাংকিংয়ে বিশ্বের ১১৬টি দেশ ও অঞ্চলের ১ হাজার ৬৪৬টি বিশ্ববিদ্যালয়কে মূল্যায়নের আওতায় আনা হয়েছে। শিক্ষা, গবেষণা, উদ্ভাবন, প্রাতিষ্ঠানিক নীতিমালা ও সামাজিক সম্পৃক্ততার মাধ্যমে জাতিসংঘ ঘোষিত এসডিজি অর্জনে বিশ্ববিদ্যালয়গুলোর অবদান পর্যালোচনা করে এ র‍্যাংকিং প্রকাশ করে যুক্তরাজ্যভিত্তিক উচ্চ শিক্ষাবিষয়ক সংস্থা টাইমস হায়ার এডুকেশন।

এবারের মূল্যায়নে বিভিন্ন এসডিজি সূচকে উল্লেখযোগ্য অবস্থান অর্জন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। 'নো পভার্টি' (এসডিজি-১) ও 'কোয়ালিটি এডুকেশন' (এসডিজি-৪) সূচকে বিশ্ববিদ্যালয়টির অবস্থান ৩০১-৪০০ ব্যান্ডে। 'গুড হেলথ অ্যান্ড ওয়েলবিয়িং' (এসডিজি-৩) ও 'রিডিউসড ইনইকুয়ালিটিজ' (এসডিজি-১০) সূচকে রয়েছে ৪০১-৬০০ ব্যান্ডে। এছাড়া 'ডিসেন্ট ওয়ার্ক অ্যান্ড ইকোনমিক গ্রোথ' (এসডিজি-৮) সূচকে ২০১-৩০০, 'সাসটেইনেবল সিটিজ অ্যান্ড কমিউনিটিজ' (এসডিজি-১১) ও 'পার্টনারশিপস ফর দ্য গোলস' (এসডিজি-১৭) সূচকে ১০১-২০০ ব্যান্ডে স্থান পেয়েছে প্রতিষ্ঠানটি।

The Financial Express

DU makes notable progress in THE Impact Rankings

DU CORRESPONDENT

Dhaka University (DU) has advanced to the 401-600 band in the Times Higher Education (THE) Impact Rankings 2026, published by the UK-based magazine Times Higher Education. Compared with last year's placement in the 1,001-1,500 band, the university has made a notable leap in the latest edition of the rankings, released on Wednesday.

The Impact Rankings 2026 assess universities worldwide on the basis of their contributions to the United Nations' Sustainable Development Goals (SDGs), taking into account performance across areas such as education, research, innovation, policy development, and societal engagement. This year's edition evaluated 1,646 universities from 116 countries and territories. The DU achieved notable positions across several SDG indicators.

Scanned with CamScanner